দৈনিক সংবাদ 15
তারিখ 30 MAR 1990 পৃষ্ঠা 7 কলাম 9

# নতুন উপাচার্য নিয়োগ প্রশ্নে শিক্ষকরা দু'ভাগে বিভক্ত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য নিয়োগ বিধিসম্মত হয়েছে কিনা এ নিয়ে শিক্ষকদের মধ্যে বিতর্কের সৃষ্টি হয়েছে। এ বিতর্কে শিক্ষকরা দু'ভাগে বিভক্ত হয়ে পড়েছেন।

শিক্ষক সমিতির সাবেক সভাপতি ডঃ মোঃ মসিহুজ্জামান সহ ৫৪ জন শিক্ষক গত বুধবার শিক্ষক সমিতির সভাপতির কাছে বর্তমান উপাচার্যকে সরাসরি নিয়মিত উপাচার্য হিসেবে নিয়োগ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩ লংঘিত হয়েছে বলে উল্লেখ করে এ বিষয়ে শিক্ষক সমিতির এক জরুরী তলবী সভা আহ্বানের অনুরোধ জানান।

কিন্তু গত বুধবার রাতে অনুষ্ঠিত শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের সভায় এই তলবী সভা আহ্বানের আবেদন নাকচ করে দেয়া হয়।

সভায় সমিতির কার্যকরী পরিষদের ১৪ জন সদস্যের ১১ জনই তলবী সভা আহ্বান করার প্রয়োজন নেই বলে মত প্রকাশ করেন। তাদের মতে সরাসরি নিয়মিত উপাচার্য নিয়োগ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩ লংঘিত হয়েছে বলে তারা মনে করেন না।

একই বিষয় নিয়ে গত মঙ্গলবার অনুষ্ঠিত শিক্ষক সমিতির সভায় এবং গতকাল অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের সভাতেও বিতর্কের সৃষ্টি হয়।